

# বর্ধমান জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ

নেতাজী ভবন, কাছারী রোড, পোঃ ও জেলা - বর্ধমান

পত্রাংক : 4845

ফোন নং : ২৬৬২৩৭১, ২৬৬২৩৭২  
দিনাংক : ২৭.১১.১৫

## বিজ্ঞপ্তি

বিষয় : ২০১৫-২০১৬ অর্থবৎসরে আয়কর আইনানুসারে উৎসমূলে আয়কর কেটে নির্দিষ্ট খাতে জমা এবং আয়কর রিটার্ন দাখিলী সংক্রান্ত।

২০১৫-১৬ বর্ষের আয়কর রিটার্ন আয়কর কর্তৃপক্ষের নিকট নির্দিষ্ট সময়ে দাখিল করার উদ্দেশ্যে নিম্নলিখিত তথ্য সহ ফেব্রুয়ারী ২০১৬ মাসিক বেতন বিলের সাথে যুক্ত করে পাঠানোর জন্য জানানো হচ্ছে।

১। ষাঁহাদের মোট বাৎসরিক আয় দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা বা তাহার কম, তাঁহাদের কোন তথ্য সংসদে প্রেরণ করার প্রয়োজন নাই।

২। ষাঁহাদের আয়কর উৎসমূল হতে কাটা হচ্ছে তাদের জন্য C.D প্রদত্ত Annexure-III A Format টি সঠিকভাবে পূরণ করে সংসদ প্রেরিত C.D টি এবং তার প্রিন্ট আউটসহ বাৎসরিক আয় বিবরণী এবং কর নির্ধারণ বিবরণী যুক্ত করে আলাদা লট করে পাঠাতে হবে। ছাড় সংক্রান্ত প্রামাণ্য কোনপ্রকার নথি সংসদে প্রেরণ করার প্রয়োজন নেই। যাদের I.T টাকা ফেরত হবে তাদের অবশ্যই Annexure-III A -এতে সমস্ত তথ্যসহ নাম থাকতে হবে।

৩। ষাঁদের মোট বাৎসরিক আয় দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকার উর্ধ্বে কিন্তু বাদযোগ্য ও ছাড়যোগ্য আয় আয়কর আইন মোতাবেক উৎসমূল হতে আয়কর কাটা হচ্ছে না তাদের ক্ষেত্রে বাৎসরিক আয় বিবরণী, কর নির্ধারণ বিবরণী সহ Annexure-III B Format টি সঠিকভাবে পূরণ করে আলাদা লট করে পাঠাতে হবে। C.D তে কোন এন্ট্রি করার প্রয়োজন নেই।

৪। প্যান নম্বর সকলের ক্ষেত্রে সঠিকভাবে উল্লেখ করতে হবে, ভুল প্যান নম্বরের জন্য সংসদের দায়বদ্ধতা থাকবে না।

৫। শিক্ষক/ শিক্ষিকাগণের ফেব্রুয়ারী ২০১৬ মাসের বেতনের বিল উল্লিখিত তথ্যগুলিসহ ০৭/০২/২০১৬-র মধ্যে সংসদে প্রেরণ করতে হবে।

৬। পূর্বে যাদের Tax কাটা হয়েছে তাদের PAN CARD-এর জেরক্স কপি দাখিল করার প্রয়োজন নেই। কিন্তু শুধুমাত্র ফেব্রুয়ারী -২০১৬ বেতন বিল থেকে যাদের আয়কর কাটা হচ্ছে তাদের PAN CARD-এর জেরক্স কপি সংসদে প্রেরণ করতে হবে।

৭। সরকারী আদেশনামা অনুসারে যাদের বাৎসরিক আয় ৫,০০,০০০ টাকার মধ্যে তারা প্রদেয় আয়কর হইতে ২০০০ টাকা ছাড় পাবেন। (যেমন - কোন শিক্ষকের কাছে প্রাপ্য আয়কর যদি ৩,৩০০ টাকা হয় তাহা হইলে তিনি ২০০০ টাকা ছাড় পাইবেন এবং তাহাকে ১,৩০০ টাকা সহ ৩% এডুকেশন সেস =৩৯ টাকা = ১৩৩৯ টাকা আয়কর দিতে হইবে)

৮। ষাঁদের আয়কর কাটা হচ্ছে বা হয়েছে -C.D-তে Annexure-III A -তে উল্লিখিত তালিকাটি অতি অবশ্যই e.mail করে সংসদে পাঠাতে হবে।

৯। প্রতিমাসের ন্যায় Feb.-2016 বিলের সাথে I.Tax deduction List টি অবশ্যই সংসদের ফর্মেট অনুযায়ী পাঠাতে হবে।

আয়কর আওতাভুক্ত হচ্ছেন বা হচ্ছেন না এরূপ সকল শিক্ষক/শিক্ষিকার আয়কর ছাড় সংক্রান্ত প্রামাণ্য সকল প্রকার নথি সংশ্লিষ্ট অবর বিদ্যালয় পরিদর্শক মহাশয়ের নিকট সুন্দরভাবে সংরক্ষিত রাখতে হবে। উহা সংসদে বেতন বিলের সাথে প্রদান করার প্রয়োজন নাই। প্রয়োজনে সংসদ উহা সংশ্লিষ্ট চক্র থেকে সংগ্রহ করবে।

C.D সংক্রান্ত কোন জ্ঞাতব্য থাকলে নিম্নলিখিত ফোন নং গুলির সাথে যোগাযোগ করবেন --

৯২৩৩২৭৯০৭৯ / ৯৪৭৫৮৫২৩৫৫

বিঃ দ্রঃ - আয়কর সংক্রান্ত বিষয় সর্বশেষ তথ্য জানার জন্য আয়কর দপ্তরের ওয়েবসাইট নং -

www.incometaxindia.gov.in দেখার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

সভাপতি

জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ  
বর্ধমান।

স্বঃ সত্যজিৎ  
২৬.১১.১৫


(২)

পত্রাংক : 4845/100

দিনাংক : ২৭. ১১. ২০১৫

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জ্ঞাতার্থে প্রেরিত হল :

- ১) অবর বিদ্যালয় পরিদর্শক, সকল চক্র, বর্ধমান।।
- ২) বিত্ত নিয়ামক, বর্ধমান জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ।
- ৩) প্রধান সহায়ক, বর্ধমান জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ।
- ৪) গাণনিক, বর্ধমান জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ।
- ৫) বিভাগীয় প্রধান, বিল বিভাগ, বর্ধমান জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ।
- ৬) সহায়ক, বিলবিভাগ, বর্ধমান জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ।
- ৭) সহায়ক, কমপিউটার বিভাগ, বর্ধমান জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ।

  
সচিব

জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ  
বর্ধমান।

সচিব  
২৬-১১-১৫